খেলা

আজকাল কলকাতা বুধবার ১১ ফেব্রুয়ারি ২০২৬

হকিতে ভারতের সামনে বেলজিয়াম

আজ রৌরকেলায় শুরু হচ্ছে হকি প্রো–লিগ। ভারতীয় হকি দলকে পড়তে হবে আর্জেন্টিনা এবং বেলজিয়ামের শক্ত চ্যালেঞ্জের মুখে। আজ ভারতের প্রতিপক্ষ বেলজিয়াম। কাল আর্জেন্টিনা। ভারত আবার এই দুই দলের বিরুদ্ধে খেলবে শনি ও রবিবার।

ইনিংসে জিতে সেমিতে বাংলা

অরিত্র বসু

কল্যাণী, ১০ ফেব্রুয়ারি

শীতের আমেজ একেবারে উধাও। ভরদুপুরে চাঁদিফাটা রোদ্দুরের মধ্যে হাততালিতে ফেটে পড়ছে মাঠ। চলছে ম্যাচের সেরার পুরস্কার বিতরণী। সুদীপ ঘরামির ২৯৯ রানের মহাকাব্যিক ইনিংস, নীতীশ কুমার রেড্ডি, শ্রীকর ভরত সমৃদ্ধ অন্ধ্রপ্রদেশকে ইনিংস এবং ৯০ রানে হারিয়ে সেমিফাইনালে পৌঁছে যাওয়ার আনন্দ— কোনও কিছুতেই যেন বঙ্গ ব্রিগেডের মাথাব্যথা নেই। যেটুকু উচ্ছ্বাস প্রকাশ না করলে সামাজিকতা রক্ষা করা যায় না, ঠিক ততটুকু। সত্যি বলতে, চতুর্থ দিনের সকালেই কোয়ার্টার ফাইনালের ফয়সালা হয়ে গিয়েছিল। অবশিষ্ট দেড় দিন নিয়ে একেবারেই চিন্তিত ছিল না বাংলা। না হলে কি আর অনুষ্টুপ মজুমদার বা সুমন্ত গুপ্তর মতো পার্ট টাইম বোলারদের মুখ্য ভূমিকায় দেখা যায়!

অনুষ্ঠান মিটতেই বাংলা শিবির বুঝিয়ে দিল পরিমিত উচ্ছ্বাসের কারণ। কোচ লক্ষ্মীরতন শুক্লা এবং অনুষ্টুপ ছুটলেন মাঠের মাঝে। স্থানীয় কিউরেটর বীরেন্দ্রপ্রতাপ সিংকে নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা সারতে। জম্মু–কাশ্মীরের বিরুদ্ধে ১৫ ফেব্রুয়ারি থেকে এই মাঠেই রনজি ফাইনালে ওঠার লড়াই শুরু হবে বাংলার। তার আগে উইকেট যাতে প্রস্তুত করা যায়, তারই তদারকি চলছিল। সমস্ত মাঠকর্মী জরুরিকালীন তৎপরতায় মাঠে জল দিচ্ছেন। উইকেট অনেক বেশি শুষ্ক বলে উষ্মা প্রকাশ করেছিল বাংলা। অন্ধ্রকে ইনিংসে গুঁড়িয়ে দেওয়ার পর ক্ষোভ–বিক্ষোভের জায়গা রইল না।

এই ম্যাচ পঞ্চম দিনে গুরুত্বহীন হয়ে গিয়েছিল। বাংলার রান ছাপিয়ে, তার সঙ্গে বড় রান যোগ করে চ্যালেঞ্জ ছুড়ে দেওয়ার সময় এবং পুঁজি কোনওটিই অন্ধ্রর ছিল না। চতুর্থ দিনের স্টাম্পসে ৬৪/৩ ছিল তারা। দুই ওভারনাইট ব্যাটার অধিনায়ক রিকি ভুই এবং নীতীশ কুমার রেড্ডির কাঁধে দায়িত্ব ছিল অন্ধ্রপ্রদেশের সম্মান বাঁচানোর। অন্তত ম্যাচ ড্র করিয়ে বাংলাকে প্রথম ইনিংসের বিচারে সেমিফাইনালে যেতে দেওয়ার সম্মানজনক পরাজয় চাইছিল প্রতিপক্ষ। কিন্তু রিকি ৩০ রান করে শাহবাজ আহমেদের শিকার হতেই ধস নামতে থাকে ব্যাটিং লাইন আপে। ৯২/৩ থেকে ৯৬/৬। নরসিমহা রাজুকে সঙ্গে নিয়ে লড়াই চালানোর আপ্রাণ চেষ্টা করলেন নীতীশ। রাজু ২৬ করে অনুষ্টুপের বলে আউট। ভারতীয় ক্রিকেট বোর্ডের নির্বাচক আরপি সিং গত তিনদিন ধরে মাঠে ছিলেন। নীতীশ চাইছিলেন, তাঁর সামনে শতরান করে ভারতীয় দলে ফেরার জমি শক্ত করতে। ৯০ রানে শাহবাজের বলে তাঁর হাতেই ক্যাচ দিয়ে আউট নীতীশ। ত্রিপূরণ বিজয় ৪৬ রান করে সুমন্ত গুপ্তর প্রথম শ্রেণির ক্রিকেটে পয়লা উইকেট হিসেবে আউট হলেন। অন্ধ্রের তারকা কিপার ব্যাটার শ্রীকর চোটের কারণে শেষ দিন ব্যাটিং করতে না পারায় এক উইকেট বাকি থাকতেই ম্যাচ শেষ হয়ে যায়।

ম্যাচের পর বাংলার অধিনায়ক অভিমন্যু ঈশ্বরন বললেন, ‘কোনও এক বা দু’জনের পারফরমেন্সের ওপর ভর করে সেমিফাইনালে পৌঁছোইনি। আমাদের সবচেয়ে বড় শক্তি দলগত সাফল্য। মরশুম জুড়ে প্রত্যেকেই ঘুরিয়ে ফিরিয়ে দলকে জেতাচ্ছে।’ একইসঙ্গে তিনি মনে করালেন, ‘সেমিফাইনালে জম্মু–কাশ্মীরের সঙ্গে আমাদের বোলিং বিভাগের লড়াই হবে বলা হচ্ছে। বিষয়টা তেমন হলে, আমাদের ব্যাটারদের বাড়তি দায়িত্ব নিতে হবে। শুধু আকিব নবি নয়, আমরা বিপক্ষের সব খেলোয়াড়ের বিরুদ্ধে পরিকল্পনা নিয়ে নামছি।’

জয়ের উল্লাস অভিমন্যু, শাহবাজদের। ছবি: সিএবি

রনজি সেমিতে

১৫–১৯ ফেব্রুয়ারি

উত্তরাখণ্ড : কর্ণাটক — লখনউ

বাংলা : জম্মু ও কাশ্মীর — কল্যাণী

সংক্ষিপ্ত স্কোর

পঞ্চম দিনের শেষে: প্রথম ইনিংস অন্ধ্রপ্রদেশ ২৯৫, বাংলা ৬২৯ দ্বিতীয় ইনিংস অন্ধ্রপ্রদেশ ২৪৪ (নীতীশ ৯০, বিজয় ৪৬। শাহবাজ ৪/৭২)।

- **বাংলা ইনিংস ও ৯০ রানে জয়ী**
- **ম্যাচের সেরা: সুদীপ ঘরামি**

অনুশীলনে নজর কাড়ছেন ইউসেফ

ইস্টবেঙ্গলকে নিখরচায় যুবভারতী মুখ্যমন্ত্রীর

আজকালের প্রতিবেদন

আইএসএলের সূচি অনুযায়ী ইস্টবেঙ্গলের সব হোম ম্যাচ কিশোরভারতীতে। ইনভেস্টর ইমামি প্রথম থেকেই সিদ্ধান্ত নিয়েছিল তারা ম্যাচ খেলবে কিশোরভারতীতে। যুক্তি ছিল যুবভারতীতে ম্যাচ আয়োজনের খরচ অনেক বেশি। কিন্তু ইস্টবেঙ্গল কর্তারা চাইছিলেন যুবভারতীতে খেলতে। তাদের যুক্তি ছিল কিশোরভারতী স্টেডিয়ামে দর্শক আসন কম হওয়ায়, সদস্য সমর্থকরা খেলা দেখার সুযোগ পাবেন না। কর্তারা এও জানিয়েছিলেন, কিশোরভারতীতে ম্যাচ হলে তারা খেলা দেখতে যাবেন না। শেষ পর্যন্ত ইস্টবেঙ্গল কর্তারা দ্বারস্থ হন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির। কর্তাদের অনুরোধ রেখেছেন মুখ্যমন্ত্রী। যুবভারতী ক্রীড়াঙ্গনে বিনা খরচে আয়োজন করার অনুমতি দিয়েছেন। মঙ্গলবার বিষয়টি জানিয়েছেন ইস্টবেঙ্গল কর্তা দেবব্রত সরকার। সঙ্গে তিনি ইমামিকে অনুরোধ করেছেন মুখ্যমন্ত্রীর পদক্ষেপকে সম্মান জানাতে, ইস্টবেঙ্গলের হোম ম্যাচ যুবভারতীতে নিয়ে আসতে। সূত্রের খবর প্রথম ম্যাচ থেকেই যুবভারতীতে ম্যাচ আয়োজন করা যায় কিনা তার চেষ্টা করা হচ্ছে।

অন্যদিকে কপালে গুরুতর চোট থাকায় মঙ্গলবার ইস্টবেঙ্গল অনুশীলনে আসেননি মহম্মদ রাকিপ। তবে তাঁকে প্রথম ম্যাচে নামানোর আপ্রাণ চেষ্টা করছেন কোচ অস্কার ব্রুজোন। পিঠের ব্যথায় এখনও অনুশীলন শুরু করতে পারেননি কেভিন সিবেলে। তবে তিনিও প্রথম ম্যাচে খেলতে পারবেন বলেই আশাবাদী ইস্টবেঙ্গল শিবির। এদিন দলের সঙ্গে পুরোদমে অনুশীলন করলেন নবাগত বিদেশি স্ট্রাইকার ইউসেফ ইজেজারি। গোলও করলেন। তাঁকে পুরোপুরি ফিট মনে হয়েছে অনুশীলনে। সতীর্থরাও বেশ খুশি তাঁর অনুশীলন দেখে। ম্যানেজমেন্ট আশাবাদী দ্রুত পুরো ম্যাচ খেলার জায়গায় চলে আসবেন তিনি।

নতুন চুক্তি হওয়া আরেক বিদেশি স্ট্রাইকার অ্যান্টন সয়বার্গ সোমবারই ভিসার আবেদন করেছেন। প্রথম ম্যাচের আগে কলকাতায় নিয়ে আসার চেষ্টা করছে ইস্টবেঙ্গল। ইউসেফের সঙ্গে তাঁর জুটি জমে ওঠার উপর অনেকটাই নির্ভর করছে ইস্টবেঙ্গলের সাফল্য। স্ট্রাইকারের পাশাপাশি অ্যাটাকিং মিডফিল্ডার পজিশনেও সমান স্বচ্ছন্দ অ্যান্টন। তাই অস্কারের হাতে যে অপশন বেড়ে গেল তা বলাই বাহুল্য।

সোনিতেই সম্প্রচারের সম্ভাবনা

আজকালের প্রতিবেদন: আইএসএল শুরু হতে বাকি আর মাত্র কয়েকদিন। তবে এখনও কোন চ্যানেল আইএসএলের ম্যাচ সম্প্রচার করবে তা ঘোষণা করতে পারেনি ফেডারেশন। ব্রডকাস্টিং পার্টনারের টেন্ডার জিতেছিল ফ্যানকোড। ক্লাবেদের সঙ্গে কথা বলে তাদের নিশ্চিত করার কথা ছিল কোন চ্যানেলে সম্প্রচার হবে। তবে মঙ্গলবার রাতের খবর অনুযায়ী সোনি স্পোর্টসের সঙ্গে ফ্যানকোডের কথাবার্তা প্রায় চূড়ান্ত। সব ঠিক থাকলে বুধবার কাগজপত্রে যাবতীয় সই সাবুদ হয়ে যাওয়ার কথা। ফেডারেশন সে ক্ষেত্রে বুধবারই ঘোষণা করে দিতে পারে সোনির নাম। সোনিতে ম্যাচ সম্প্রচার হলে আইএসএলের সম্প্রচার নিয়ে দর্শকদের উৎকণ্ঠা অনেকটাই কাটবে। সব মিলিয়ে অনেক সমস্যা কাটিয়ে আইএসএলের ঢাকে কাঠি পড়া শুধু সময়ের অপেক্ষা।

খেলার খুচরো

» তনুশ্রীর ৯০

মেয়েদের একদিনের ট্রফিতে (এলিট) জয়ের হ্যাটট্রিক বাংলার। বরোদায় ৮১ রানে হারাল উত্তরাখণ্ডকে। বাংলা ৫০ ওভারে ২৫৮/৫। তনুশ্রী সরকার ৯০ করেন। জবাবে উত্তরাখণ্ড ১৭৭ রানে শেষ। সাইকা ইশাক ও তনুশ্রী ৩টি করে উইকেট পান।

» মুম্বইয়ে কাউকো

মুম্বই সিটি এফসি–তে যোগ দিলেন জনি কাউকো। এক মরশুমের চুক্তি। বাগান জার্সিতে একসময় নজরকাড়া ফিনল্যান্ডের এই মিডিও গত মরশুমে ইন্টার কাশীর হয়ে খেলেছিলেন। তারপর খেলেছেন ফিনল্যান্ডের একটি দ্বিতীয় সারির দলের হয়ে।

» শীর্ষে ডায়মন্ড

রিলায়েন্স ফাউন্ডেশন ডেভেলপমেন্ট লিগের জোনাল পর্বের শেষ ম্যাচে ডায়মন্ড হারবারের কাছে ০–১ ব্যবধানে হারল ইস্টবেঙ্গল। রোহিত সিংয়ের গোলে জিতে গ্রুপশীর্ষে শেষ করল ডায়মন্ড। অন্য ম্যাচে, ইউনাইটেড স্পোর্টসের বিরুদ্ধে ২–২ ড্র করল মোহনবাগান।

» টাকি বয়েজ

টিব্যাক জিয়াভারালি টুর্নামেন্টে সিনিয়র বিভাগে চ্যাম্পিয়ন টাকি বয়েজ স্কুলের ১৯৯৫ সালের ব্যাচ। টাইব্রেকারে ৬–৫ হারায় ১৯৮৮ সালের ব্যাচকে। সেরা খেলোয়াড় শুভব্রত সুর, সেরা গোলরক্ষক পার্থসারথি সাহা, সর্বোচ্চ গোলদাতা তন্ময় মণ্ডল, কৌশিক ঘোষ।

‘আমার চোখে সেরা’, বৈভবে মুগ্ধ বাটলার

আজকালের প্রতিবেদন

ঘরোয়া ক্রিকেটের পর আইপিএলের মঞ্চেও সে আগেই সাড়া ফেলেছিল। সম্প্রতি অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপের ফাইনালে ৮০ বলে দানবীয় ১৭৫ রানের ইনিংসের পর গোটা ক্রিকেটবিশ্বের নজর এখন শুধুমাত্র তার দিকেই। টি২০ বিশ্বকাপের বাজারেও যাবতীয় ক্রিকেটীয় আলোচনার কেন্দ্রবিন্দুতেই সে— বৈভব সূর্যবংশী। বিহারের বছর চোদ্দর এই কিশোরে মুগ্ধ দেশ–বিদেশের ক্রিকেট তারকারাও। যেমন, ইংল্যান্ডের জস বাটলার। সাম্প্রতিককালে বৈভবকে সবচেয়ে বড় সার্টিফিকেট–টা তিনিই দিলেন। একটি পডকাস্টে এসে জানালেন, তাঁর দেখা সেরা খেলোয়াড় বৈভবই।

বাটলারের ভাষ্যে, ‘আমার বক্তব্য, বৈভব আমার দেখা সেরা খেলোয়াড়। কারণ, ১৪ বছর বয়সে আর কে এভাবে ক্রিকেট খেলেছে? এই বয়সেই যদি এমন ব্যাটিং করে, তাহলে ১৬, ১৮, ২০ বছর বয়সে কী করবে?’ সেই পডকাস্টে হাজির ছিলেন ইংল্যান্ডের পেসার মার্ক উডও। বাটলারের কথা শুনে উড বলেন, ‘তুমি কিন্তু বিশাল বড় একটা বার্তা দিলে।’

এরপর উড পাল্টা প্রশ্ন করেন বাটলারকে, ‘বৈভব কি আগামীতে তারকা হয়ে উঠবে নাকি অল্প বয়সের খ্যাতি ওর মাথা ঘুরিয়ে দেবে?’ জবাবে বাটলার সূর্যবংশীর যোগ্যতাকে সমর্থন করে বলেন, ‘ও ইতিমধ্যে বড় মঞ্চে নিজের যোগ্যতা প্রমাণ করেছে। আইপিএলে নিজের প্রথম ম্যাচে প্রথম বলেই ছয় মেরেছে। আমি মনে করি না, বৈভব লক্ষ্যচ্যুত হবে।’



প্যারিস সাঁ জাঁ–র তারকা ফুটবলার ওসমান ডেম্বেলের সঙ্গে একফ্রেমে ভারতের টেস্ট এবং একদিনের ক্রিকেট দলের অধিনায়ক শুভমান গিল। তিনি দেখা করেছেন ডেসিরে ডুয়ের সঙ্গেও। পাশাপাশি, সোমবার পার্ক দ্য প্রিন্সেসে গিলের হাতে পিএসজি–র জার্সি তুলে দেন দলের মালিক নাসের আল খেলাইফি। ছবি: এক্স

মেসি কি ফিরবেন বার্সিলোনায়, ফের জল্পনা

আজকালের প্রতিবেদন

ইন্টার মায়ামির সঙ্গে তাঁর চুক্তি ২০২৮ পর্যন্ত। তারপর কি আর খেলবেন লিওনেল মেসি? সম্ভাবনা হয়তো কম। কিন্তু ততদিনে মায়ামি–পর্ব কাটিয়ে নিজের প্রিয় বার্সিলোনায় ফিরতে পারেন আর্জেন্টিনীয় কিংবদন্তি। এই নিয়ে আবার কানাঘুষো শুরু হয়েছে স্পেনেই। সেখানকার সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, মেসি তো বটেই, স্ত্রী আন্তোনেলা এবং তিন ছেলেও বার্সিলোনায় ফিরে যেতে প্রচণ্ড আগ্রহী। গত বছরের শেষদিকে এক সাক্ষাৎকারে মেসি বলেছিলেন, ‘আমি সত্যিই চাই ওখানে ফিরে যেতে। বার্সিলোনাকে খুব মিস করি। আমি, আমার স্ত্রী, বাচ্চারা ক্রমাগত বার্সিলোনা নিয়ে কথা বলি। ইচ্ছে আছে ওখানে ফিরে যাওয়ার। ওখানে আমাদের বাড়িও আছে।’ মনের ইচ্ছের বিরুদ্ধে এলএম টেনকে বার্সা ছাড়তে হয়েছিল ২০২১–এ। মেসির প্রিয় ন্যু ক্যাম্প নতুন করে সেজে উঠেছে। সম্প্রতি সবাইকে চমকে দিয়ে বদলে যাওয়া ন্যু ক্যাম্প দেখেও এসেছেন মেসি। তবে স্প্যানিশ সংবাদমাধ্যমের খবর, প্লেয়ার হিসেবে নয়, মেসি বার্সিলোনায় ফিরবেন তাঁর প্রিয় শহরের বাসিন্দা হিসেবে। এমনকী, যুক্ত হতে পারেন বার্সিলোনার ক্রীড়া প্রশাসনেও।

...আগের পৃষ্ঠার পরবর্তী অংশ

ক্রম নং	ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা	যে সম্পত্তির ওপর ঋণ নেওয়া হয়েছিল, তার ঠিকানা	১) নোটিসের তারিখ ২) এনপিএর তারিখ (কার্যকরের তারিখ)	অনাদায়ী বকেয়া (দাবিকৃত অর্থাঙ্ক) (₹)	প্রদত্ত ঋণ
২৫	**১. শ্রী উত্তম বর্মন** পিতা অরুণ বর্মন **২. শ্রী অরুণ বর্মন** পিতা বীরেন্দ্র বর্মন **উভয়ে:** গ্রাম পূর্ব মাগুরমারি, নেতাজি পাড়া, ব্যানার্জি কোল্ড স্টোরেজের কাছে, থানা ও পোঃ ধূপগুড়ি, জেলা– জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ, পিন– ৭৩৫২১০। **আরও:** থানা– ধূপগুড়ি, জেলা– জলপাইগুড়ি, মৌজা– পূর্ব মাগুরমারি, জে এল নং ৯৩, এল আর খতিয়ান– ১৯৩৫, এল আর প্লট– ২৭৬৫, এলাকা– ০.০৪ একর এবং জমির শ্রেণী ‘বাস্তু’ (কনভারশন কেস নং সিএন/২০১৮/০৭০৪/৩৬১ অনুযায়ী), পঃবঃ ৭৩৫২১০।	সামান্য কমবেশি ০.০৪ একর বাস্তু জমির (কনভারশন কেস নং সিএন/২০১৮/০৭০৪/৩৬১ অনুযায়ী) অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: থানা– ধূপগুড়ি, জেলা– জলপাইগুড়ি, মৌজা– পূর্ব মাগুরমারি, জে এল নং ৯৩, এল আর খতিয়ান– ১৯৩৫, এল আর প্লট– ২৭৬৫, পঃবঃ ৭৩৫২১০, জমির উপরিস্থিত সমস্ত ভবন এবং কাঠামো, ফিক্সচার, ফিটিংস এবং মাটির সাথে সংযুক্ত বা মাটির সাথে সংযুক্ত কোনো কিছুর সাথে স্থায়ীভাবে আটকানো সমস্ত প্ল্যান্ট এবং মেশিনারি সহ, যা বর্তমান এবং ভবিষ্যৎ উভয়ই। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– ১২ ফুট চওড়া কাঁচা রাস্তা; দক্ষিণ– মনু রায় এবং রঞ্জিত রায়ের জমি; পশ্চিম– ১২ ফুট চওড়া কাঁচা রাস্তা; পূর্ব– ৪০ ফুট চওড়া পাকা রাস্তা।	ক) ২৮.০১.২০২৬ খ) ২৭.০৮.২০২৫	₹১৫৪৮৫৬৫.৩০, লোন এসি নং ৯২১০৩০০৪১২৮৫৩২০, ১৫.০১.২০২৬ অনুযায়ী (০৫.০৫.২০২৫ পর্যন্ত সুদ সমেত) ও ₹৫০৬১০.০০, লোন এসি নং ৯২১০৩০০৪১২৮৫৩৩৩, ১৫.০১.২০২৬ অনুযায়ী (০৫.০৫.২০২৫ পর্যন্ত সুদ সমেত)	মঞ্জুরি পত্র ২৭.০৮.২০২১–এ ₹১৫০০০০০/ (পনেরো লাখ টাকা) ওভারড্রাফট প্রোডাকশন ক্রেডিট সুবিধায় ঋণ।
২৬	**শ্রী কিংশুক রায়** পিতা কিরণ রায় **নিবাস:** কোয়ার্টার নং ৭৪/এ, সেন্ট্রাল কলোনি, জেলা– জলপাইগুড়ি, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ– ৭৩ ৪০০৭। **আরও–** জনপ্রিয় অ্যাপার্টমেন্ট, ২য় তল, পিছনের দিক, সুকান্ত পল্লি মেইন রোড, ওয়ার্ড নং ৩২, বলাকা ক্লাবের কাছে, শিলিগুড়ি, থানা– নিউ জলপাইগুড়ি, জেলা– জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ– ৭৩ ৪০০৫।	সামান্য কমবেশি ৫৩২ বর্গফুট (সুপার বিল্ট আপ এলাকা সহ) একটি রেসিডেন্সিয়াল ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জনপ্রিয় অ্যাপার্টমেন্টের ২য় তলে পিছনের দিকে অবস্থিত, কমন এরিয়া ও সুবিধাদি সহ, দুটি বেডরুম, একটি রান্নাঘর, একটি টয়লেট/বাথরুম (একটি বেডরুম ডাব্লিউ/সি সহ), ডাইনিং, ব্যালকনি, পূজা প্যাসেজ বিশিষ্ট, খতিয়ান নং ২০৩১, প্লট নং ৪৩০ ও ৪৩০/৩৮১, শিট নং ১৫, জে এল নং ০২, মৌজা– ডাবগ্রাম, পরগনা– বৈকুণ্ঠপুর, শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের ওয়ার্ড নং ৩২, সুকান্তপল্লি, বি এল ও এল আর ও রাজগঞ্জ, ডি এস আর ও জলপাইগুড়ি, এ ডি এস আর ও ভক্তিনগর, থানা– ভক্তিনগর বর্তমানে নিউ জলপাইগুড়ি, জেলা– জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ– ৭৩ ৪০০৫-এ নথিভুক্ত।	ক) ১৩.০১.২০২৬ খ) ০৮.০১.২০২৬	₹১১৭৪১১৯.০০, লোন এসি নং পিএইচআর ০০৩৫০২৯৯৩৪৩৬, ১৩.০১.২০২৬ অনুযায়ী (১৩.০১.২০২৬ পর্যন্ত সুদ সমেত)	মঞ্জুরি পত্র ২১.০২.২০১৮–এ ₹১২৯২৭৬০/ (বারো লাখ বিরানব্বই হাজার সাতশো ষাট টাকা) পাওয়ার হোম ভ্যানিলা ব্রে শুভ আরম্ভ হোম লোন সুবিধায় ঋণ।

বিজ্ঞপ্তি পরিষেবার বিকল্প উপায় হিসেবে এই পদক্ষেপগুলি গ্রহণ করা হচ্ছে। উপরিলিখিত ঋণগ্রহীতাগণ এবং/বা জামিনদারগণের (প্রযোজ্যমতো) প্রতি এই পরামর্শ দেওয়া হচ্ছে যাতে তাঁরা এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ভবিষ্যতের সুদ ও প্রযোজ্য চার্জ সমেত অনাদায়ী বকেয়া বাবদ অর্থাঙ্ক পরিশোধ করেন যার অন্যথা হলে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর সংস্থানাধীনে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, উক্ত অ্যাক্টের ১৩(১৩) নং ধারাধীনে এই বিজ্ঞপ্তি প্রাপ্তির পরে কোনও ঋণগ্রহীতা উক্ত অ্যাক্টের (২) নং উপধারাধীনে এই বিজ্ঞপ্তিতে বর্ণিত সুরক্ষিত সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার আগাম অনুমতি ছাড়া বিক্রি, ইজারা বা অন্য কোনও উপায়ে হস্তান্তর করতে পারবেন না।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সম্পর্কিত ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারা– ‘‘যাবতীয় মাশুল, চার্জ ও সুরক্ষিত ঋণদাতার তরফে কৃত খরচাপাতি সমেত সুরক্ষিত ঋণদাতার যাবতীয় পাওনা অর্থাঙ্ক প্রকাশ্য নিলাম বা দরপত্র আমন্ত্রণ বা জনসাধারণের থেকে দরপ্রস্তাব আমন্ত্রণ অথবা সুরক্ষিত পরিসম্পদ ইজারা, ভারার্পণ বা বিক্রির জন্য ব্যক্তিগত চুক্তির জন্য বিজ্ঞপ্তি প্রকাশের আগে যে কোনও সময়ে ঋণগ্রহীতা যদি সুরক্ষিত ঋণদাতাকে মিটিয়ে দিতে পারেন, সেক্ষেত্রে—

(১) সুরক্ষিত ঋণদাতা দ্বারা উক্ত সুরক্ষিত পরিসম্পদগুলি ইজারা, ভারার্পণ বা বিক্রির মাধ্যমে হস্তান্তর করা হবে না; এবং

(২) এই উপধারার অধীনে উপরোক্ত অর্থাঙ্ক আদায় দেওয়ার আগে যদি সুরক্ষিত ঋণদাতার তরফে ইজারা, ভারার্পণ বা বিক্রির মাধ্যমে হস্তান্তরের জন্য কোনও পদক্ষেপ নেওয়া হয়ে থাকে, তাহলে উক্ত সুরক্ষিত পরিসম্পদ ইজারা বা ভারার্পণ বা বিক্রির মাধ্যমে হস্তান্তরের জন্য পরবর্তী কোনও পদক্ষেপ গ্রহণ করা হবে না।’’

তারিখ: ১১.০২.২০২৬
স্থান: পশ্চিমবঙ্গ

অনুমোদিত আধিকারিক
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

বैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda

শিলিগুড়ি রিজিওনাল অফিস
হোমল্যান্ড বিজনেস সেন্টার, ৪ নং ফ্লোর, থার্ড মাইল, সেবক রোড, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৮

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার ‘এ’

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের পরিপ্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে **ব্যাঙ্ক অফ বরোদা,** সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং **ব্যাঙ্ক অফ বরোদা,** সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম /লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	মোট বকেয়া	ই–নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (গঠনমূলক / বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	**টিপ টপ ড্রেস হাউস প্রোপ্রাইটর: সোমেন কুমার জোয়ারদার,** মেন রোড, ফুলদিঘি, পোঃঅঃ– দিনহাটা, জেলা– কোচবিহার, পশ্চিমবঙ্গ– ৭৩৬১৩৪ **শাখা: ভালকি,** ব্যাঙ্ক অফ বরোদা সাং ও পোঃঅঃ– ভালকি, ব্লক– দিনহাটা ২, জেলা– কোচবিহার, পশ্চিমবঙ্গ–৭৩৬১৩৪ **অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগের নম্বর: ৯৮০০৬৯০৩২১**	**সামান্য কমবেশি ৩.৭১ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রারের অফিস– দিনহাটা, জেলা– কোচবিহার, মৌজা– দিনহাটা, জে এল নং ৬৫, খতিয়ান নং ১০৪৯ (এল আর) বা ১৪৫০৬ (আর এস), প্লট নং ৭৪৫৩ (আর এস) বা ৮৪৮৪ (এল আর), বিএলএলআরও অফিস– দিনহাটা।** প্লটের চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– কমল গুপ্তের বাড়ি; দক্ষিণ– ১৫ ফুট চওড়া পাকা রাস্তা; পূর্ব– অনিল কুমার সাহার বাড়ি; পশ্চিম– কংক্রিটের ৯ ফুট চওড়া রাস্তা।	₹৩,২১,০৫১.০৪ (তিন লক্ষ একুশ হাজার একান্ন টাকা এবং চার পয়সা মাত্র), ০৯.০২.২০২৬ অনুযায়ী + অপ্রযুক্ত সুদ + অনাদায়ী সুদ + অন্যান্য চার্জ	১৭.০৩.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹১৬,০০,০০০.০ / ₹১,৬০,০০০.০০ / ₹১০,০০০.০০	বাস্তবিক	১০.০৩.২০২৬ দুপুর ৩টা থেকে বিকেল ৫টা মোবাইল: ৯৮০০৬৯০৩২১ (আগাম যোগাযোগ করে আসবেন)
২	**মিঃ বিশ্বজিৎ বর্ধন (আবেদনকারী ও বন্ধকদাতা),** ফ্ল্যাটের নাম ‘এসট্রেলা’, ২ নং ফ্লোর, সূর্য শিখা মেন রোড, ওয়ার্ড নং ৩৯, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৬ **শাখা: নির্মলা কনভেন্ট স্কুল শাখা,** সোনা পেট্রল পাম্পের বিপরীতের গলি, শালুগাড়া, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৮ **অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগের নম্বর: ৯৮৮০৯০১৮০০**	**সামান্য কমবেশি ৩ কাঠা ৫ ছটাক জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত ‘এসট্রেলা’ নামক জি+৩ বিল্ডিংয়ের ২ নং ফ্লোরে সামনের অংশে স্বত্বাধিকারীর বরাদ্দ থেকে সামান্য কমবেশি ১০২৪ বর্গফুট মাপের (সুপার বিল্ট আপ এরিয়া ও সিঁড়ির সমানুপাতিক এরিয়া ধরে) একটি আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আর এস প্লট নং ৩৫০ ও ৩৭৬, এল আর প্লট নং ৩০০, ৩০১, ৩০২, আর এস খতিয়ান নং ৩৩৪, এল আর খতিয়ান নং ৬১২, ৬১৭, ৬১৮, মৌজা– ডাবগ্রাম, জে এল নং ০২, শিট নং ১২ (আর এস) এবং ৬৫ (এল আর), পরগনা– বৈকুণ্ঠপুর, থানা– ভক্তিনগর, রেজিস্ট্রি অফিস– এডিএসআর– ভক্তিনগর, জেলা– জলপাইগুড়ি।**	₹৩০,৯৬,১৫৪.০৫ (তিরিশ লক্ষ ছিয়ানব্বই হাজার একশো চুয়ান্ন টাকা এবং পাঁচ পয়সা মাত্র), ০৮.০২.২০২৬ অনুযায়ী + অপ্রযুক্ত সুদ + অনাদায়ী সুদ + অন্যান্য চার্জ	১৭.০৩.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹৩২,৪০,০০০.০০ / ₹৩,২৪,০০০.০০ / ₹১০,০০০.০০	প্রতীকী	১০.০৩.২০২৬ দুপুর ৩টা থেকে বিকেল ৫টা মোবাইল: ৯৮৮০৯০১৮০০ (আগাম যোগাযোগ করে আসবেন)
৩	**মিঃ গৌরব সান্যাল (ঋণগ্রহীতা) মিসেস মৌসুমী সান্যাল (জামিনদার),** প্রযত্নে– শ্রী কুমার সান্যাল, আশা ভিলা, কামার পাড়া, জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৫১০১ **শাখা: জলপাইগুড়ি শাখা,** উকিল পাড়া, কদমতলা মেন রোড, পোঃঅঃ– জলপাইগুড়ি, জেলা– জলপাইগুড়ি, পিন–৭৩৫১০১ **অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগের নম্বর: ৯৮৩২৩৭০২৮৩**	**বিল্ডিংয়ের ফার্স্ট ফ্লোরে থাকা স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: খতিয়ান নং ৪৯২৫, মৌজা– খেড়িয়া, থানা– কোতোয়ালি, জে এল নং ৫(৭), শিট নং ২১, প্লট নং ১৪২ (এল আর), পরিমাপ– ৭৫৫ বর্গফুট, সম্পত্তির মালিকানা মিঃ গৌরব সান্যাল–এর নামে।** সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– পাপড়ি ঘোষ; দক্ষিণ– পাপড়ি ঘোষ; পূর্ব– ১৮ ফুট চওড়া রাস্তা; পশ্চিম– পাপড়ি ঘোষ।	₹৩৮,৩৯,৬০১.২৯ (আটত্রিশ লক্ষ উনচল্লিশ হাজার ছশো এক টাকা এবং উনত্রিশ পয়সা মাত্র), ০৮.০২.২০২৬ অনুযায়ী + অপ্রযুক্ত সুদ + অনাদায়ী সুদ + অন্যান্য চার্জ	১৭.০৩.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹১৩,৭৫,৫৫০.০০ / ₹১,৩৭,৫৫৫,০০ / ₹১০,০০০.০০	প্রতীকী	১০.০৩.২০২৬ দুপুর ৩টা থেকে বিকেল ৫টা মোবাইল: ৯৮৩২৩৭০২৮৩ (আগাম যোগাযোগ করে আসবেন)
৪	**১. ডাঃ সুমন্ত্র গুপ্ত (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা) ঠিকানা নং ১:** পিতা– ডাঃ শিবল গুপ্ত, শিবায়ন নার্সিং হোম, কলেজ মোড়, ইসলামপুর, উত্তর দিনাজপুর–৭৩৩২০২ **ঠিকানা নং ২:** পিতা– ডাঃ শিবল গুপ্ত, উত্তরায়ন, ডিও ৬/১৪, পোঃঅঃ ও থানা– মাটিগাড়া, জেলা– দার্জিলিং **২. মিসেস মণিপর্ণা গুপ্ত (জামিনদার) ঠিকানা নং ১:** স্বামী– ডাঃ সুমন্ত্র গুপ্ত, শিবায়ন নার্সিং হোম, কলেজ মোড়, ইসলামপুর, উত্তর দিনাজপুর–৭৩৩২০২ **ঠিকানা নং ২:** স্বামী– ডাঃ সুমন্ত্র গুপ্ত, উত্তরায়ন, ডিও ৬/১৪, পোঃঅঃ ও থানা– মাটিগাড়া, জেলা– দার্জিলিং **ঠিকানা নং ৩:** পিতা– যোগেশ দাস, ২৫/৫৯, প্রিন্স গোলাম মহম্মদ শাহ রোড, থানা– যাদবপুর, কলকাতা–৭০০০৪৫ **৩. ডাঃ শিবল গুপ্ত,** পিতা– প্রয়াত কালীপদ গুপ্ত (জামিনদার) ফ্ল্যাট নং এইচআইজি সি৩/১৩, হিমালয় কন্যা আবাসন, ২½ মাইল সেবক রোড, শিলিগুড়ি–৭৩৪০০১ **৪. মিসেস সমিতা গুপ্ত,** স্বামী– ডাঃ শিবল গুপ্ত (জামিনদার) ফ্ল্যাট নং এইচআইজি সি৩/১৩, হিমালয় কন্যা আবাসন, ২½ মাইল সেবক রোড, শিলিগুড়ি–৭৩৪০০১ **শাখা: পানিট্যাঙ্কি মোড় শাখা,** সেবক রোড, গুরুদোয়ারার কাছে, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০১ **অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগের নম্বর: ৮৩৭৩০৬২৬৫৫**	**জমি ও বাড়ি যার স্থিতি ও বিবরণ: শিবায়ন নার্সিং হোম, চোপড়াজাড়, জে এল নং ৫৭, তৌজি নং ০৭, হাল খতিয়ান নং ৯৫৭, হাল প্লট নং ৩৭৫, পরগনা– সূর্যপুর, থানা– ইসলামপুর, জেলা– উত্তর দিনাজপুর।**	₹১,৫১,৭৬,১০৭.৭৬ (এক কোটি একান্ন লক্ষ ছিয়াত্তর হাজার একশো সাত টাকা এবং ছিয়াত্তর পয়সা মাত্র), ০৯.০২.২০২৬ অনুযায়ী + অপ্রযুক্ত সুদ + অনাদায়ী সুদ + অন্যান্য চার্জ	০২.০৩.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹৫২,৬৭,৭০০.০০ / ₹৫,২৬,৭৭০.০০ / ₹১০,০০০.০০	প্রতীকী	২৩.০২.২০২৬ দুপুর ৩টা থেকে বিকেল ৫টা মোবাইল: ৮৩৭৩০৬২৬৫৫ (আগাম যোগাযোগ করে আসবেন)

* ক্রম নং ১ সংবলিত সম্পত্তি বাস্তবিক দখলে রয়েছে এবং নিলামে সর্বাধিক ডাকদাতার প্রতি এটি বাস্তবিক উপায়ে হস্তান্তর করা হবে।

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং https://baanknet.com** ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গে ওপরে দেওয়া নম্বরে যোগাযোগ করতে পারেন।

১. এই বিক্রি সুরক্ষিত ঋণদাতা ব্যাঙ্কের অনুমোদন সাপেক্ষ হবে।
২. ক্রম নং ২ থেকে ৪ সংবলিত সম্পত্তিগুলি প্রতীকী দখলে রয়েছে এবং বিডাররা প্রতীকী দখলে থাকা এই সম্পত্তি নিজের দায় ও ঝুঁকিতে ক্রয় করছেন।
৩. ব্যাঙ্ক উক্ত সম্পত্তির কেবলমাত্র প্রতীকী দখল হস্তান্তর করবে এবং নিলামে সফল বিডার বা ক্রেতা ব্যাঙ্কের থেকে এই সম্পত্তির বাস্তবিক দখলের জন্য দাবি জানাতে পারবেন না।
৪. সম্পত্তির বাস্তবিক দখল দিতে ব্যাঙ্ক কোনওভাবেই দায়ী বা কর্তব্যপরায়ণ থাকবে না।
৫. জমাকৃত অর্থাঙ্ক ফেরতের ক্ষেত্রে নিলামে সফল ক্রেতা কোনও সুদ পাওয়ার জন্য দাবি জানাতে পারবেন না।
৬. ই–নিলামের অব্যবহিত পরেই নিলামে সফল ক্রেতাকে উপরিলিখিত শর্ত ও নিয়মাবলি নিশ্চিতকরণের ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে হবে।
৭. বিক্রির পরে সফল বিডার ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে ব্যর্থ হলে তাঁর তরফে জমাকৃত বিডের ইএমডি অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে।

তারিখ: ০৯.০২.২০২৬
স্থান: শিলিগুড়ি

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা